ভোরের কাগজ

তারিখ ...............
পৃষ্ঠা ১২ কলাম ৩......

# চ.বি.তে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষে আহত ২

চ.বি. সংবাদদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আমানত হলের ডাইনিং রুমে হাফপ্যান্ট পরে ভাত খেতে যাওয়ার ঘটনাকে কেন্দ্র করে গতকাল রাতে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে। সংঘর্ষের সময় সোহেল এবং শাহীন নামে দুই ছাত্রলীগ কর্মী আহত হয়েছে।

রাত ৮টার দিকে সংঘটিত এ ঘটনার সময় ছাত্রলীগের কলিম ও শফিক গ্রুপের মধ্যে কমপক্ষে ৬ রাউন্ড গুলিবিনিময় হয় বলে জানা গেছে। তবে গুলিতে কারো হতাহত হওয়ার খবর পাওয়া যায়নি।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, ছাত্রলীগের কলিম গ্রুপের সদস্য সোহেল হাফপ্যান্ট পরে ভাত খেতে গেলে শফিক গ্রুপের ক্যাডাররা তাকে গালাগালি করে এবং এক পর্যায়ে বেদম মারধর করে। এর পর পর শফিক গ্রুপের ক্যাডাররা কলিম গ্রুপের ওপর চড়াও হয় এবং শাহীনকে রাইফেলের বাঁট দিয়ে আঘাত করলে চার দাঁত পড়ে যায়। তাকে চট্টগ্রাম মেডিকেলে ভর্তি করা হয়েছে। রাত ১০টায় এ রিপোর্ট লেখার সময় পুলিশ এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমানত হলে গিয়ে উভয় গ্রুপের মধ্যে সমঝোতার চেষ্টা করছিল বলে জানা গেছে।